



রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৫৬৮/০২৫/কঅ/৩১৯

তারিখ: ০৮/০৫/২০২৫

চারুকলা অনুষদ, সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা এবং ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা সংক্রান্ত নোটিশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় A ইউনিটভুক্ত চারুকলা অনুষদ, সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক এবং ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত নির্দেশাবলী পালন করার জন্য জানানো যাচ্ছে:

সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগ

আগামী ১৩, ১৪, ১৫ মে ২০২৫ সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগে ইতোমধ্যে প্রচারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের পরীক্ষার দিন ১৯ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার প্রবেশপত্রের **Candidate Copy** ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে।

ইংরেজি বিভাগ

আগামী ১৩ মে ২০২৫ সকাল ১০:০০-১১:০০টা পর্যন্ত ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা ড. মুহম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন ও ড. মমতাজ উদ্দিন আহমদ একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে। নির্বাচিত পরীক্ষার্থীদের ১৯ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার প্রবেশপত্রের **Candidate Copy** ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে।

চারুকলা অনুষদ

আগামী ১৩ মে ২০২৫ দুপুর ১২:০০-১:০০টা পর্যন্ত চারুকলা অনুষদের ব্যবহারিক পরীক্ষা ড. মমতাজ উদ্দিন আহমদ একাডেমিক ভবন, ড. মুহম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন ও সৈয়দ ইসমাঈল হোসেন সিরাজী একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে। পরীক্ষার দিন আবেদনকারীদের ১৯ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষার প্রবেশপত্রের **Candidate Copy** ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড সঙ্গে আনতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য কোয়ার্টার শীট বোর্ড, বোর্ড ক্লিপ (কমপক্ষে দু'টি), পেন্সিল ও ইরেজার সঙ্গে নিয়ে আসতে হবে। অংকনের ক্ষেত্রে শুধুমাত্র পেন্সিল ও ইরেজার ব্যবহার করা যাবে।

বি: দ্র: চারুকলা অনুষদ, সঙ্গীত বিভাগ, নাট্যকলা বিভাগে গত ২৬ এপ্রিল থেকে ৩০ এপ্রিল ২০২৫ পর্যন্ত যারা অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করেছে কেবলমাত্র তারাই ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ইংরেজি বিভাগে শুধুমাত্র লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত পরীক্ষার্থীগণ অংশগ্রহণ করতে পারবে।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)

ডীন, কলা অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও

চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৪-২০২৫